

■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৬০

পর্ব-৯: দু'আ (তা وکتاب الدعوات)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّالِثُ

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ خَمْسُ دَعَوَاتٍ يُسْتَجَابُ لَهُنَّ: دَعْوَةُ الْمَظْلُومِ حَتَّى يَنْتَصِرَ وَدَعْوَةُ الْحَاجِّ حَتَّى يَصِدُرَ وَدَعْوَةُ الْمُجَاهِدِ يُسْتَجَابُ لَهُنَّ: دَعْوَةُ الْمُظُلُومِ حَتَّى يَبْرَأَ وَدَعْوَةُ الْأَخِ لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ . ثُمَّ قَالَ: «وَأَسْرَعُ مَتَّى يَقْعُدَ وَدَعْوَةُ الْمُريضِ حَتَّى يَبْرَأَ وَدَعْوَةُ الْأَخِ لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ . ثُمَّ قَالَ: «وَأَسْرَعُ هَذِهِ الدَّعْوَات إِجَابَة دَعْوَة الْأَخِ لِأَخِيهِ بِظَهْرِ الْغَيْبِ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي الدَّعَوَاتِ الْكَبِيرِ

বাংলা

২২৬০-[৩৮] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ পাঁচ লোকের দু'আ কবূল করা হয়। (১) মাযলূম বা অত্যাচারিতের দু'আ- যতক্ষণ পর্যন্ত প্রতিশোধ গ্রহণ করা না হয়, (২) হজ সমাপনকারীর দু'আ- বাড়ী ফিরে না আসা পর্যন্ত, (৩) মুজাহিদের দু'আ- যতক্ষণ না বসে পড়ে, (৪) রোগীর দু'আ- যতক্ষণ না সে সুস্থতা লাভ করে এবং (৫) এক মুসলিম ভাইয়ের দু'আ অপর মুসলিম ভাইয়ের জন্য তার অনুপস্থিতিতে। এরপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, এ সব দু'আর মধ্যে সবচেয়ে দ্রুত কবূল হয় এক (মুসলিম) ভাইয়ের দু'আ তার আর এক ভাইয়ের জন্য তার অনুপস্থিতিতে। (বায়হাক্লী- দা'ওয়াতুল কাবীর)[1]

ফুটনোট

[1] মাওয়্ : আদ্ দা ওয়াতুল কাবীর ৬৭১, শু আবূল ঈমান ১০৮৭, য ঈফাহ্ ১৩৬৪, য ঈফ আল জামি ২৮৫০। কারণ এর সানাদে 'আবদুর রহীম একজন মিথ্যুক রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (دَعْوَةُ الْحَاجّ) অর্থাৎ- যদি তার হজ হাজে মাবরূর তথা কবূল হজ হয়ে থাকে তাহলে বাড়ি বা দেশে



ফিরে আসা পর্যন্ত তিনি যে সকল দু'আ করবেন তা কবূল। অথবা হজ থেকে ফিরে বাড়িতে প্রবেশ করার পর্যন্ত তার দু'আ কবূল।

(كَعُوَةُ الْمُجَاهِدِ) জামি' আস্ সগীরে 'মুজাহিদ'-এর স্থানে 'গাজী' শব্দ উল্লেখ আছে (১/১৭৪) অর্থাৎ- আল্লাহর কালিমাকে বুলন্দ করার জন্য যদি তিনি যুদ্ধ করে থাকেন তাহলে দু'আও কবূলের কথা বলা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন